

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৯৭

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: لَمْ يَكُنْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَعُ هَوُّلَاءِ الْكَلِمَاتِ حِينَ يُمْسِي وَحِينَ يُصْبِحُ: «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيةَ فِي اللَّهُمَّ السَّتُرْ عَوْرَاتِي وَآمِنْ رَوْعَاتِي اللَّهُمَّ اللَّهُمَّ السَّتُرْ عَوْرَاتِي وَآمِنْ رَوْعَاتِي اللَّهُمَّ اللَّهُمَّ السَّتُرْ عَوْرَاتِي وَآمِنْ رَوْعَاتِي اللَّهُمَّ اللَّهُمُ وَالْعَافِيةِ وَعَنْ اللَّهُمَّ اللَّهُمَّ اللَّهُمَّ اللَّهُمَّ اللَّهُمَّ اللَّهُمَّ اللَّهُمُ وَاللَّهُمُ وَاللَّهُمُ اللَّهُمُ الللَّهُمُ اللَّهُمُ اللَّهُمُ اللَّهُ وَاللَّهُمُ وَاللَّهُمُ اللَّهُ الللَّهُ اللَّهُ ا

বাংলা

২৩৯৭-[১৭] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কক্ষনো সকাল-সন্ধ্যায় এ দু'আটি না পড়ে ছাড়েননি। (দু'আটি হলো)

''আল্ল-হুমা ইনী আস্আলুকাল 'আ-ফিয়াতা ফিদ্ দুন্ইয়া- ওয়াল আ-খিরাতি, আল্ল-হুমা ইনী আস্আলুকাল 'আফ্ওয়া, ওয়াল 'আ-ফিয়াতা ফী দীনী ওয়া দুন্ইয়া-ইয়া ওয়া আহলী, ওয়ামা-লী। আল্ল-হুমাসতুর 'আওর-তী, ওয়া আ-মিন রও'আ-তী। আল্ল-হুমাহ্ ফাযনী, মিন বায়নি ইয়াদী ওয়ামিন খলফী, ওয়া 'আন ইয়ামীনী, ওয়া 'আন শিমা-লী, ওয়ামিন ফাওকী। ওয়া আ'উযু বি'আযামাতিকা আন উগতা-লা মিন তাহতী''

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে দুনিয়া ও আখিরাতের নিরাপত্তা চাই। হে আল্লাহ! আমি তোমার কাছে আমার দীন, দুনিয়া, পরিবার-পরিজন, ধন-সম্পদ সম্পর্কে নিরাপত্তা চাই। হে আল্লাহ! তুমি আমার দোষ-ক্রটিগুলো গোপন রাখো এবং ভীতিকর বিষয় হতে আমাকে নিরাপদ রাখো। হে আল্লাহ! তুমি আমাকে আমার সামনের দিক হতে, পেছনের দিক হতে, আমার ডান দিক হতে, আমার বাম দিক হতে, আমার উপর হতে আমাকে হিফাযাত করো। হে আল্লাহ! আমি মাটিতে ধসে যাওয়া হতে তোমার মর্যাদার কাছে আশ্রয় চাই।)। ওয়াকী' (রহঃ) বলেন, অর্থাৎ- 'ভূমিধ্বস হতে'। (আবু দাউদ)[1]

ফুটনোট



[1] সহীহ: আবূ দাউদ ৫১৭৪, ইবনু আবী শায়বাহ্ ২৯২৭৮, ইবনু মাজাহ ৩৮৭১, আহমাদ ৪৭৮৫, ইবনু হিবান ৯৬১, সহীহ আল আদাবুল মুফরাদ ১২০০/৯১৬, আল কালিমুত্ব ত্বইয়্যিব ২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ওয়াকী' (রহঃ)-এর কথা (يَعْنِي الْخَسْفُ) সকল অনুলিপিতে অনুরূপ রয়েছে, হাকিম এবং আল মুসনাদে অনুরূপ বর্ণিত রয়েছে। আবৃ দাউদ, ইবনু মাজাহ্ এবং ইবনু হিবানে রয়েছে, ওয়াকী' (হাদীসের রাবী) বলেনঃ (يَعْنِي الْخَسْفُ) আর ইবনুস্ সিনায় রয়েছে যে, (জুবায়র, অর্থাৎ- ইবনু সুলায়মান ইবনু জুবায়র ইবনু মুত্'ইম ইবনু 'উমার (রাঃ) বর্ণিত হাদীসের রাবী) (وهو الخسف) তি 'উবাদাহ্ বলেনঃ ওয়াকী' (রহঃ)-এর উস্তায ও জুবায়র (রাঃ) এর ছাত্র) আমি জানি না এটি, রসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম-এর কথা নাকি জুবায়র (রাঃ)-এর কথা। অর্থাৎ- তিনি তা বর্ণনা করেছেন? না-কি নিজের পক্ষ হতে বলেছেন।

হাফেয আসকালানী (রহঃ) বলেনঃ ওয়াকী' (রহঃ) এটি (يَعْنِي الْخَسْفَ) মুখস্থ করেননি, বরং তিনি নিজের পক্ষ হতে বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন